

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৯৪

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১২. যে বলে, মুস্তাহাযা দুই ওয়াক্তের সালাত একত্রে আদায় করবে এবং এর জন্য একবার গোসল করবে তার প্রসঙ্গে

باب مَنْ قَالَ تَجْمَعُ بَيْنَ الصَّلَاتَيْنِ وَتَغْتَسِلُ لَهُمَا غُسْلاً

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ مُعَاذٍ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَتِ: اسْتُحِيضَتِ امْرَأَةٌ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فَأُمِرَتْ أَنْ تُعَجِّلَ الْعَصْرَ وَتُوَجِّرَ الظُّهْرَ وَتَغْتَسِلَ لَهُمَا غُسْلاً. وَأَنْ تُوَجِّرَ الْمَغْرِبَ وَتُعْجَلِ الْعِشَاءَ وَتَغْتَسِلَ لَهُمَا غُسْلاً وَتَغْتَسِلَ لِصَلَاةِ الصَّبْحِ غُسْلاً. فَقُلْتُ لِعَبْدِ الرَّحْمَنِ وَتُغْتَسِلَ لِصَلَاةِ الصَّبْحِ غُسْلاً. فَقُلْتُ لِعَبْدِ الرَّحْمَنِ وَتُغْتَسِلَ لِصَلَاةِ الصَّبْحِ غُسْلاً. فَقُلْتُ لِعَبْدِ الرَّحْمَنِ وَلَعْبَدِ الرَّحْمَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ: لَا أُحَدِّثُكَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم بشَيْءٍ.

_ صحيح

বাংলা

২৯৪। 'আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে এক মহিলা রক্তপ্রদরে আক্রান্ত হলে তাকে 'আসরের সালাত শীঘ্র আদায় করার, যুহরের সালাত বিলম্বে আদায় করার এবং উভয় সালাতের জন্য একবার গোসল করার আদেশ দেয়া হয়। একইভাবে তাকে নির্দেশ দেয়া হয় মাগরিবের সালাত বিলম্বে ও 'ইশার সালাত শীঘ্র আদায় করার এবং উভয় সালাতের জন্য একবার গোসল করার, আর ফজরের সালাতের জন্য একবার গোসল করার। বর্ণনাকারী বলেন, আমি 'আবদুর রহমান ইবনু কাসিমকে জিজ্ঞেস করলাম, এটা কি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সূত্রে বর্ণনা করেছেন? তিনি বললেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ব্যতীত অন্য কারো থেকে কিছু বর্ণনা করি না।[1]

সহীহ।



English

Narrated Aisha, Ummul Mu'minin:

A woman had a prolonged flow of blood in the time of the Messenger of Allah (ﷺ). She was commanded to advance the afternoon prayer and delay the noon prayer, and to take a bath for them only once; and to delay the sunset prayer and advance the night prayer and to take a bath only once for them; and to take a bath separately for the dawn prayer.

I (Shu'bah) asked AbdurRahman: (Is it) from the Prophet (ﷺ)? I do not report to you anything except from the Prophet (ﷺ).

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মুস্তাহাযার গোসল সম্পর্কে, হাঃ ২১৩, এবং অধ্যায়ঃ হায়িয, অনুঃ মুস্তাহাযার দু' ওয়াক্তের সালাত একত্রে আদায় করা ও তখন গোসল করা, হাঃ ৩৫৮) শু'বাহ থেকে, দারিমী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মুস্তাহাযার গোসল, হাঃ ৭৭৭) শু'বাহ থেকে, এবং (হাঃ ৭৮৩) মুহাম্মাদ ইবনু ইসহাক সূত্রে, আহমাদ (৬/১১৯, ১৩৯) মুহাম্মাদ ইবনু ইসহাক সূত্রে এবং (৬/১৭২) শু'বাহ থেকে। উভয়ে (শু'বাহ এবং মুহাম্মাদ ইবনু ইসহাক) 'আবদুর রাহমান ইবনু কাসিম সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন